# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 11-07-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) দ্রুত শিল্পায়নে রাজ্য সরকার নিজেই জমি কিনে শিল্প সংস্থাগুলির হাতে তুলে দেবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২) অভিন্ন দেওয়ানি বিধি ইউসিসি-র খসড়া বিল পর্যালোচনায় সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা দেশাইয়ের নেতৃত্বে রাজ্য সরকার, ৯ সদস্যের উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে।

৩) ধর্ষণ-খুন সহ সামাজিক অপরাধের নেপথ্যে মাদকের বড় ভূমিকা থাকায় রাজ্য জুড়ে বেআইনী মদ এবং মাদকের ঠেকের বিরুদ্ধে পুলিশকে বিশেষ অভিযান চালানোর নির্দেশ মুখ্যমন্ত্রীর।

৪) মেদিনীপুর মেডিকেল কলেজে স্যালাইন কান্ডে ৫ জনকে শোকজ রাজ্য সরকারের।

৫) আগামী দুদিন উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

--------------------------------------------------------------------------------------------

দ্রুত শিল্পায়নে রাজ্য সরকার নিজেই জমি কিনে শিল্প সংস্থাগুলির হাতে তুলে দেবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। পাশাপাশি সরকার ল্যান্ড সিলিং

আইনেও পরিবর্তন আনবে বলে তিনি জানিয়েছেন। আজ হুগলীর ডানকুনিতে লাক্স কোজির কারখানা সম্প্রসারণ অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি একথা বলেন।

বাইট শুভেন্দু

মুখ্যমন্ত্রী বলেন, তোলাবাজি, কথায় কথায় বনধ-এর মত অপসংস্কৃতি শিল্পায়নের পথে প্রধান অন্তরায়। রাজ্যে শিল্পের পরিবেশ ফেরাতে সরকার উপযুক্ত পদক্ষেপ করছে বলে জানিয়েছেন তিনি।

শিল্পমন্ত্রী তাপস রায় বলেন, পশ্চিমবঙ্গ শিল্পের উপযুক্ত জায়গা হলেও গত পাঁচ দশকের অবহেলার কারণে রাজ্যে শিল্পের খরা বলে অভিযোগ করেন তিনি। সম্প্রসারণের পর এই কারাখানায় ৯ হাজার কর্ম সংস্থান হবে বলে শিল্প মন্ত্রী জানিয়েছেন।

বাইট তাপস

শ্রমিক মালিক সংঘর্ষ নয়, শ্রমিক ও মালিকের মধ্যে সমন্বয় রেখে রাজ্যে শিল্পায়ন হবে বলে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

বাইট শমীক

উল্লেখ্য প্রায় ৬০০ কোটি টাকা ব্যয়ে লাক্স গোষ্ঠীর এই কারখানার সম্প্রসারণ হচ্ছে।

--------------------

অভিন্ন দেওয়ানি বিধি UCC-র খসড়া বিল পর্যালোচনার জন্য একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে রাজ্য সরকার। ৯ সদস্যের এই বিশেষজ্ঞ কমিটির চেয়ারপার্সন

সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই। এছাড়া সদস্য হিসেবে রয়েছেন, মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, আই.এ.এস দুষ্মন্ত নারিয়ালা, রাজ্যের স্বরাষ্ট্রসচিব সংঘমিত্রা ঘোষ, অবসরপ্রাপ্ত আই.এ.এস শত্রুঘ্ন সিং প্রমুখ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিয়ে, বিবাহবিচ্ছেদ, উত্তরাধিকার এবং উইল-সংক্রান্ত বিষয়ে প্রস্তাবিত খসড়া বিলটি বিস্তারিতভাবে পরীক্ষা ও পর্যালোচনা করবে এই কমিটি।

আজ বারুইপুরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, বিধানসভায় খুব শীঘ্রই ইউসিসি নিয়ে আসার ব্যাপারে সরকার আশাবাদী।

বাইট

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যপাল বিধানসভায় পাশ হওয়া গুন্ডাদমন এবং সম্পত্তি বাজেয়াপ্ত বিলে সই করেছেন। আগমী সোমবার থেকেই সেগুলি কার্যকর হবে।

--------------------

ধর্ষণ, খুন সহ সামাজিক অপরাধের নেপথ্যে মাদকের বড় ভূমিকা আছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। তাই রাজ্য জুড়ে বেআইনি মদ এবং মাদকের ঠেকের বিরুদ্ধে পুলিশকে বিশেষ অভিযান চালানোর নির্দেশ দিয়েছেন তিনি। এদিন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের সূর্যপুরে নতুন পুলিশ ফাঁড়ির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। নির্যাতিতা বালিকার পরিবার এবং গণপিটুনিতে নিহতের পরিবারের সঙ্গে দেখা করেন তিনি। দুই পরিবারের পাশে থাকারই বার্তা দিয়েছেন শুভেন্দু বাবু। নাবালিকা ধর্ষন ও খুনের ঘটনায় সরাসরি মুখ্যমন্ত্রীর নজরদারিতে তদন্ত হবে বলে শুভেন্দু বাবু জানান।

নির্যাতিতার পরিবারের দাবী অনুযায়ী ওই অঞ্চলে একটি পুলিশ ফাঁড়ির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

গণপিটুনিতে নিহত ইন্দ্রজিত মন্ডলের বাড়িতে গিয়ে ইন্দ্রজিতের দাদার হাতে সিভিক ভল্যান্টিয়ার হিসাবে নিয়োগ পত্র তুলে দেন মুখ্যমন্ত্রী। পরিবারের হাতে ২৫ লক্ষ টাকার চেক তুলে দিয়েছেন তিনি।

--------------------

একগুচ্ছ কর্মসূচী নিয়ে ফের রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। এমাসের ১৮ ও ১৯ তারিখ তাঁর বিভিন্ন কর্মসূচী রয়েছে। ১৮ ই জুলাই হাওড়ার সাঁকরাইলে আমুলের দুগ্ধজাত সামগ্রীর কারখানার উদ্বোধন করবেন তিনি। ১৯ তারিখ দলের নেতা কর্মীদের নিয়ে কর্মসূচী রয়েছে স্বরাষ্ট্র মন্ত্রীর। ঐদিন বিকেলেই দিল্লী রওনা দেবেন তিনি।

--------------------

পশ্চিমবঙ্গে পরিকল্পিতভাবে শ্যামাপ্রসাদ মুখার্জীকে মুছে ফেলার চেষ্টা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে আজ শ্যামাপ্রসাদ মুখার্জির আবক্ষ মূর্তির উন্মোচন করে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য একথা বলেন। শ্যামাপ্রসাদ মুখার্জির জন্ম দিবসে ছুটি ঘোষণা, ১২৫ফুট মূর্তি নির্মাণ এবং শ্যামাপ্রসাদের পৈতৃক ভিটে তে গ্রন্থাগার নির্মাণের উদ্যোগ নেওয়ায় তিনি রাজ্য সরকারকে ধন্যবাদ জানান।

--------------------

মেদিনীপুর মেডিকেল কলেজে স্যালাইন কাণ্ডে পাঁচজনকে শো কজ করেছে রাজ্য সরকার । এই ঘটনায় গঠিত তদন্ত কমিটি সম্প্রতি হাসপাতাল পরিদর্শনের পরে স্বাস্থ্য দপ্তরে একটি প্রাথমিক রিপোর্ট জমা দেয়। এরপরেই স্বাস্থ্য দপ্তরের তরফে হাসপাতালের সিস্টার ইনচার্জ, স্টাফ নার্স, অতিরিক্ত মেডিকেল সুপার, সহকারী হাসপাতাল সুপার এবং স্টোর ইনচার্জ কে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। তিন দিনের মধ্যে উত্তর দিতে বলা হয়েছে তাদের।

উল্লেখ্য হৃদরোগে আক্রান্ত এক রোগীকে মেয়াদ উত্তীর্ণ স্যালাইন দেওয়ার অভিযোগ ওঠে। পরে ওই রোগীকে গুরুতর অসুস্থ অবস্থায় ক্রিটিকাল কেয়ার ইউনিটে স্থানান্তরিত করা হয়।

--------------------

আগামী বছর ১২ই ফেব্রুয়ারি হুগলীর ত্রিবেণীতে কুম্ভ স্নান মহোৎসবের সূচনা হবে। আজ বাঁশবেড়িয়ায় বঙ্গীয় ত্রিবেণী কুম্ভ মেলার প্রস্তুতি নিয়ে এক সভার আয়োজন করা হয়। তিন ধরে এই মহোৎসব চলবে। মেলার আয়োজক সনাতন সংস্কৃতি সংসদ এর সম্পাদক নির্গুনানন্দ মহারাজ জানান ২০২৭ এ কল্যাণীর মাঝের চরে পৃথক ভাবে কোন কুম্ভ স্নানের আয়োজন করা হবে না। বাঁশবেড়িয়ার বিধায়ক স্বরাজ ঘোষ, চুঁচুড়ার বিধায়ক সুবীর নাগ, পাণ্ডুয়ার বিধায়ক তুষার মজুমদার ছাড়াও, কমিটির সভাপতি প্রবীর ভট্টাচার্য, জগত আর্তিহা প্রভু প্রমুখ উপস্থিত ছিলেন।

--------------------

তোলাবাজি, বেআইনীভাবে জমি দখলের মত একাধিক অভিযোগে উত্তর ২৪ পরগণার পানিহাটি পুরসভার প্রাক্তন কাউন্সিলার হিমাংশু দেবকে গ্রেপ্তার করেছে। ঐ ব্যক্তি পানিহাটির প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষের ঘনিষ্ঠ বলে জানা গেছে।

--------------------

রাজ্য কমিটির পর ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের বিদ্রোহী শিবির, জেলা কমিটি ঘোষণা করেছে। আজ কলকাতায় রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় এই তালিকা ঘোষণা করেন। উত্তর কলকাতার জেলা সভাপতির দায়িত্ব দেওয়া হয়েছে সন্দীপন সাহাকে। এছাড়াও দক্ষিণ কলকাতায় দেবাশিস কুমার, হাওড়ায় অরুণাভ সেন, পশ্চিম মেদিনীপুরে প্রদীপ সরকার এবং বীরভূম জেলার দায়িত্বে এসেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ঘনিষ্ঠ বলে পরিচিত অনুব্রত মন্ডল।

--------------------

কমিশনার অফ রেলওয়ে সেফটির, স্বয়ংক্রিয় ট্রেন চালনা ব্যবস্থা – এটিও-র পরিদর্শনের জন্য আগামীকাল কলকাতা মেট্রোর গ্রীন লাইনে ট্রেনের সময়সূচীতে কিছুটা পরিবর্তন করা হয়েছে। আগামীকাল এই সেকশনে সকাল ৯ টার পরিবর্তে বিকেল সাড়ে চারটেয় শুরু হবে। তবে টার্মিনাল স্টেশন থেকে শেষ পরিষেবার সময়সূচী অপরিবর্তিত থাকছে।

--------------------

সংস্কার ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামীকাল সকাল ছটা থেকে রাত দশটা পর্যন্ত ১৬ ঘণ্টা বিদ্যাসাগর সেতুতে যান চলাচল বন্ধ থাকবে। কলকাতা পুলিশের তরফে গতকাল এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

--------------------

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের ব্যান্ডেল ষ্টেশনে ট্র্যাকের রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ রাত সাড়ে ১১ টা থেকে মোট ৩৬০ মিনিট ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে আজ হাওড়া থেকে ১ টি হাওড়া - ব্যান্ডেল লোকাল বাতিল থাকবে।

এছাড়াও আগামীকাল ব্যান্ডেল থেকে চারটি এবং হাওড়া থেকে তিনটি লোকাল বাতিল করা হয়েছে। এছাড়া, আগামীকাল (12.07.26) 63501 হাওড়া - বর্ধমান MEMU, কর্ড লাইনে চলবে বলেও রেলের তরফে জানানো হয়েছে।

--------------------

আগামী দুদিন উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে ভারি থেকে অতিভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। এছাড়াও উত্তর ও দক্ষিণ দিনাজপুরে ভারি বৃষ্টি হতে পারে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাগুলিতে আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা। তবে সোমবার থেকে উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কমবে বলে আহববিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য্য জানিয়োছেন।

বাইট

-------------------- --------------------